দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 14 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৫ ...

# প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সামনে প্যানেলভুক্ত শিক্ষকদের বিক্ষোভ

■ ইত্তেফাক রিপোর্ট

হাইকোর্টের রায় অনুযায়ী সকল প্যানেলভুক্ত শিক্ষকদের দ্রুত নিয়োগের দাবিতে সোমবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সামনে বিক্ষোভ সমাবেশ করেছেন প্যানেলভুক্ত শিক্ষকরা। বেলা সাড়ে ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত অধিদপ্তরের মূল ফটকের সামনে অবস্থান করে বিক্ষোভ করেন তারা।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক গোলাম কিবরিয়া আন্দোলনরত শিক্ষকদের নিয়োগের আশ্বাস দিলেও শিক্ষকরা সেখানে অবস্থান নিয়ে দ্রুত নিয়োগের দাবিতে বিভিন্ন শ্লোগান দেন।

সকালে প্যানেলভুক্ত শিক্ষকদের একটি প্রতিনিধি দল প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আলমগীর হোসেনর সাথে দেখা করে নিয়োগের বিষয়ে জানতে চান। এসময় মহাপরিচালক আলমগীর হোসেন বলেন,' মেধাক্রম অনুসারে নিয়োগ দেয়া হবে। মহাপরিচালকের এমন কথার কারণে শিক্ষকরা তাৎক্ষণিক ভাবে অধিদপ্তরের সামনে অবস্থান কর্মসূচি শুরু করেন।

শিক্ষকরা জানান, গত ৬ জুন প্যানেলভুক্ত শিক্ষকদের নিয়োগের চিঠিতে মামলার উদ্ধৃতিক্রমে শুধু রিটকারীদের নিয়োগ দেয়ার কথা বলা হয়। জানা যায়, গত বছরের ১৭ সেপ্টেম্বর ও ৯ ডিসেম্বরের শিক্ষকদের করা ৪২৮ টি মামলায় মোট ১৭ হাজার ৪৪৪টি শূন্যপদে ওই রিটকারীদের নিয়োগের কথা উল্লেখ করা হয়। কিন্তু কর্তৃপক্ষ তা না মেনে উপজেলা মেধাক্রম হিসেবে নিয়োগ হবে বলে জানায়। আর এই সিদ্ধান্তের প্রতিবাদে প্যানেল শিক্ষকরা নিয়োগের এক দফা দাবিতে এ কর্মসূচি হাতে নেয়।